

## কাজলা দিদি

উত্তরপত্র ১- লেকচার -১ ( ১৯.৫.২০)

ক). নিচের প্রশ্নগুলোর একবাক্যে উত্তর লিখ।

১. কোথায় চাঁদ উঠেছে?

উত্তর: বাঁশবাগানের মাথার উপর চাঁদ উঠেছে।

২. ছোট্ট মেয়েটির সাথে দিদি কি বলত?

উত্তর: ছোট্ট মেয়েটির সাথে দিদি শোলক বলত।

৩. পুকুর ধারে কি জ্বলে?

উত্তর: পুকুর ধারে জোনাকি জ্বলে।

৪. কাল নতুন ঘরে কি হবে?

উত্তর: কাল নতুন ঘরে পুতুল বিয়ে হবে।

৫. ছোট্ট বোনটি কার জন্য অপেক্ষায় থাকে?

উত্তর: ছোট্ট বোনটি দিদির জন্য অপেক্ষায় থাকে।

৬. দিদির কথা জিজ্ঞেস করলে কে উত্তর দিতে পারে না?

উত্তর: দিদির কথা জিজ্ঞেস করলে মা উত্তর দিতে পারে না।

৭. দিদির কথায় মা কিভাবে কাঁদেন?

উত্তর: দিদির কথায় মা মুখ লুকিয়ে কাঁদেন।

৮. কাজলা দিদি কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

উত্তর: কাজলা দিদি কবিতাটি ‘কাব্যমালধঃ’ কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে।

৯. কিসের গন্ধে ঘুম আসে না?

উত্তর: ফুলের গন্ধে ঘুম আসে না।

১০. ছোট্ট বোনটির সারাক্ষণের সাথি কে ছিল?

উত্তর: ছোট্ট বোনটির সারাক্ষণের সাথি ছিল তার দিদি।

**Class:** চতুর্থ  
**Subject:** বাংলা ১ম

**Prepared by:** আফরোজা তাসনিম (নিপা)  
**Topic:** কাজলা দিদি

১১. কবি কখন জন্ম গ্রহণ করেন?

উত্তর: কবি ১৮৭৮ সালের ২৭ নভেম্বর জন্ম গ্রহণ করেন।

১২. তাঁর কবিতার বৈশিষ্ট্য কি ছিল?

উত্তর: তাঁর কবিতার বৈশিষ্ট্য ছিল পল্লিপীতি।

১৩. কত সালে কবি মৃত্যুবরণ করেন?

উত্তর: ১৯৪৮ সালের ১লা ফেব্রুয়ারি তারিখে কবি মৃত্যুবরণ করেন।

১৪. কবি কোন জেলায় জন্মগ্রহণ করেন?

উত্তর: কবি নদীয়া জেলায় জন্মগ্রহণ করেন।

১৫. ‘কাব্যমালঞ্চ’ কী ধরনের রচনা?

উত্তর: ‘কাব্যমালঞ্চ’ এক ধরনের কাব্যগ্রন্থ।

১৬. কবি কোন কোন পত্রিকা সম্পাদনা করেন?

উত্তর: কবি মানসী ও পূর্বাচল পত্রিকা সম্পাদনা করেন পত্রিকা সম্পাদনা করেন।

খ) সংক্ষিপ্ত প্রশ্নোত্তর লিখ।

১. যতীন্দ্রমোহন বাগচীর কয়েকটি উল্লেখযোগ্য গ্রন্থের নাম লিখ।

উত্তর: যতীন্দ্রমোহন বাগচীর কয়েকটি উল্লেখযোগ্য গ্রন্থের নাম হলো-লেখা, কেয়া, বন্ধুর দান ইত্যাদি।

গ) কাজলা দিদি কবিতাটির সারমর্ম নিজের ভাষায় লিখ।

উত্তর: শিক্ষার্থীরা নিচের অংশটুকু পড়ে ধারণা নিয়ে লিখবেন।

এই কবিতায় মূলত তিনজন ব্যক্তির সম্পর্কের ভালোবাসার অন্তর্নিহিত বিষয়টি ফুটে উঠেছে। তারা হলেন- একজন সন্তানহারা মা, যার অন্তরের চাঁপা কান্না, মৃত কাজলা দিদি এবং তার অবুঝ ছোট বোনের হারানো দিদিকে খুঁজে পাওয়ার ব্যাকুলতা।

ছোট বোনটির সারাক্ষণের সাথী ছিল তার কাজলা দিদি। দিদি চিরদিনের জন্য তাদের ছেড়ে চলে গেছে না ফেরার দেশে। সেটি এই ছোট বোনটি জানে না, বোঝে না। প্রতি মুহূর্তেই সে তার প্রিয় কাজলা দিদির জন্য অপেক্ষায় থাকে। তার দিদি কোথায় গেছে, কেন আসে না তা জানতে চায় মায়ের কাছে। দিদি ওপারে চলে গিয়েছে জানতে পেলো ছোট মেয়ে আরও বেশি কষ্ট পাবে তাই মা উত্তর দিতে পারেন না। মুখ লুকিয়ে কাঁদেন।

ঘ) নিচের বাক্যগুলো 'সত্য' হলে সত্য এবং 'মিথ্যা' হলে মিথ্যা লিখে সঠিক বাক্যটি লিখ।

- ছোট্ট বোনটির সারাক্ষণের সাথি ছিল দিদি। - 'সত্য'
- যতীন্দ্রমোহন বাগচী বরিশাল জেলায় জন্মগ্রহণ করেন। ---- 'মিথ্যা' ---- নদীয়া
- পল্লিপীতি তাঁর কবিতার বৈশিষ্ট্য -- 'সত্য'
- কাজলা দিদি কবিতাটি কাব্যমালঞ্চ কাব্য গ্রন্থের অন্তর্ভুক্ত। -- 'সত্য'
- যতীন্দ্রমোহন বাগচী মানসী ও কাব্যমালঞ্চ পত্রিকা সম্পাদনা করেন। ---- 'মিথ্যা' -- মানসী ও পূর্বাচল

চ) শব্দার্থ :

প্রদত্ত শব্দ	শব্দার্থ
শোলক	ছড়া/ শ্লোক
জোনাই	জোনাকি পোকা
দিদি	বড় বোন
নেবু	লেবু
ভুঁইচাপা	মাটির উপর জন্মানো ছোট চাঁপা ফুল
মাড়াস নে	পা দিয়ে পিষে না যাওয়ার নির্দেশ